গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৬৬/২০১৯-২০২০
ঢাকা, ২৭ সেপ্টেম্বর শুক্রবার ২০১৯, ১২ আশ্বিন ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। জাতিসংঘে প্রধানমন্ত্রীর ভাষণ আগামীকাল
২। এসডিজি অর্জনে অর্থবহ অংশীদারি জরুরি : নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরে প্রধানমন্ত্রী
৩। বাংলাদেশের উন্নয়নে আরও মার্কিন বিনিয়োগ চাই : গোলটেবিল বৈঠকে প্রধানমন্ত্রী
৪। প্রধানমন্ত্রীর সঙ্গে বিল গেটসের সৌজন্য সাক্ষাৎ
৫। রোহিঙ্গাদের ফেরাতে মিয়ানমারকে বাধ্য করুন : জাতিসংঘে ইন্টারঅ্যাকটিভ সংলাপে প্রধানমন্ত্রী
সন্ত্রাস ও উগ্র চরমপন্থা ঠেকাতে প্রধানমন্ত্রীর চার প্রস্তাব
৬। রোহিঙ্গা ইস্যুতে ওআইসি মামলা করতে যাচ্ছে আন্তর্জাতিক আদালতে : নিউইয়র্কে পররাষ্ট্রমন্ত্রী
৭। রোহিঙ্গা ক্যাম্পে কাঁটাতারের বেড়া দেয়া হবে : স্বরাষ্ট্রমন্ত্রী
৮। রাখাইনে রোহিঙ্গা প্রত্যাবাসনের পরিবেশ নিয়ে চার ইউরোপীয় দেশের উদ্বেগ
৯। উগান্ডার কাম্পালায় সিপিএ সম্মেলনে যোগ দিলেন স্পিকার
১০। যেখানেই দুর্নীতি টেন্ডারবাজি সেখানেই শুদ্ধি অভিযান : সেতুমন্ত্রী
১১। সরকার সাহসী বলেই ক্যাসিনোর বিরুদ্ধে অভিযান চলছে : আইনমন্ত্রী
১২। চামড়া সংরক্ষণের গোডাউন স্থাপন করা হবে প্রতিটি জেলায় : শিল্পমন্ত্রী
১৩। পর্যটন খাতের উন্নয়নে দেশি-বিদেশি বিনিয়োগ প্রয়োজন : পর্যটন প্রতিমন্ত্রী
১৪। ৫০০-১০০০ টাকার নোট বাতিলের খবর সত্য নয় :
প্রধানমন্ত্রীর অর্থনীতি বিষয়ক উপদেষ্টা

চলমান পাতা-২

১। **জাতিসংঘে প্রধানমন্ত্রীর ভাষণ আগামীকাল**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (২৭ সেপ্টেম্বর শুক্রবার) জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৪তম অধিবেশনে ভাষণ দেবেন। জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশন গতকাল (২৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার) জানায়, শুক্রবার স্থানীয় সময় বিকেল সাড়ে পাঁচটা থেকে ৬টার মধ্যে (বাংলাদেশ সময় আগামীকাল বিকেল সাড়ে তিনটা থেকে ৪টা) প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাতিসংঘ সদরদপ্তরে সাধারণ পরিষদের অধিবেশনে ভাষণ দেয়ার কথা রয়েছে। প্রধানমন্ত্রী অতীতের মতো এবারও বাংলায় ভাষণ দেবেন। রোহিঙ্গা সঙ্কট অবসানে প্রধানমন্ত্রী তাঁর ভাষণে ৪টি প্রস্তাব উপস্থাপন করবেন। রোহিঙ্গা ইস্যুর পাশাপাশি প্রধানমন্ত্রী বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রা, অর্থনৈতিক অগ্রগতি, ডিজিটাল বাংলাদেশ গঠন, শিক্ষা ও স্বাস্থ্যখাতের উন্নয়ন এবং নারীর ক্ষমায়ন প্রসঙ্গও তুলে ধরবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১)।

২। **এসডিজি অর্জনে অর্থবহ অংশীদারি জরুরি : নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরে প্রধানমন্ত্রী**

টেকসই লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে স্থানীয় এবং বৈশ্বিক পর্যায়ে অর্থবহ অংশীদারি এবং সহযোগিতার ওপর গুরুত্বারোপ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, এসডিজি বাস্তবায়নে কার্যকর অংশীদারি এবং সহযোগিতা স্থানীয় এবং বৈশ্বিক উভয় পর্যায়ে সমভাবেই প্রয়োজনীয়। তিনি বিশ্ববাসীর প্রতি অঙ্গীকারে অটুট থাকতে বিশ্ব নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানিয়েছেন। একইদিন নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরের ট্রাস্টিশিপ কাউন্সিল আয়োজিত 'লোকালাইজিং দ্য এসডিজিস' অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। তিনি অনুষ্ঠানে কো-মডারেটরের দায়িত্ব পালন করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.২)।

৩। **বাংলাদেশের উন্নয়নে আরও মার্কিন বিনিয়োগ চাই : গোলটেবিল বৈঠকে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের আরও উন্নয়নের জন্য অধিকতর মার্কিন বিনিয়োগ ও সম্পৃক্ততা চেয়ে বলেছেন, এটা হবে দু'দেশের জন্য একটি 'উইন-উইন অপশন'। তিনি বলেন, মার্কিন যুক্তরাষ্ট্রকে আমাদের দ্বিতীয় বৃহত্তম বাণিজ্য অংশীদার ও বৃহত্তম বিনিয়োগ অংশীদার হিসেবে দেখতে পেয়ে আমি অনন্দিত। আরও উন্নয়নের জন্য আপনাদের বিনিয়োগ ও সম্পৃক্ততা জরুরি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার) লোটে নিউইয়র্ক প্যালেস হোটেলে ইউএস চেম্বারস অভ্ কমার্স আয়োজিত গোলটেবিল বৈঠকে এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪)।

৪। **প্রধানমন্ত্রীর সঙ্গে বিল গেটসের সৌজন্য সাক্ষাৎ**

প্রধানমন্ত্রী  শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বিশ্বের অন্যতম শীর্ষ ধনী মাইক্রোসফটের প্রতিষ্ঠাতা বিল গেটস। দাতব্য সংস্থা বিল এ্যান্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশনের কো-চেয়ার বিল গেটস স্থানীয় সময় গত ২৫ সেপ্টেম্বর বুধবার সকালে লোটে নিউইয়র্ক প্যালেস হোটেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

৫। **রোহিঙ্গাদের ফেরাতে মিয়ানমারকে বাধ্য করুন : জাতিসংঘে ইন্টারঅ্যাকটিভ সংলাপে প্রধানমন্ত্রী**
**সন্ত্রাস ও উগ্র চরমপন্থা ঠেকাতে প্রধানমন্ত্রীর চার প্রস্তাব**

রোহিঙ্গা সমস্যা বাংলাদেশের জন্য বড় চ্যালেঞ্জ উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আমরা এ সংকটের একটি শান্তিপূর্ণ ও তাৎক্ষণিক সমাধান চাই। মিয়ানমারই এ সমস্যা সৃষ্টি করেছে এবং এর সমাধানও মিয়ানমারেই রয়েছে। রোহিঙ্গাদের নিরাপদ, মর্যাদাপূর্ণ এবং স্বেচ্ছায় তাদের পৈতৃক নিবাসে ফিরে যাওয়ার পরিবেশ সৃষ্টিতে মিয়ানমারকে বাধ্য করতে বিশ্ব সম্প্রদায়কে সব ধরনের পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান তিনি। স্থানীয় সময় গত ২৫ সেপ্টেম্বর বুধবার বিকালে নিউইয়র্কের থিংকট্যাঙ্ক প্রতিষ্ঠান কাউন্সিল অভ্ ফরেন রিলেশনসে (সিএফআর) আয়োজিত 'এ কনভারসেশন উইথ অনারেবল প্রাইম মিনিস্টার শেখ হাসিনা' শীর্ষক এক ইন্টারঅ্যাকটিভ সংলাপ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী তাঁর ভাষণে সন্ত্রাস ও উগ্র চরমপন্থাকে দুটি সামাজিক ব্যাধি আখ্যায়িত করে এর বিরুদ্ধে লড়াইয়ের জন্য চার দফা প্রস্তাব উত্থাপন করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫)।

৬। **রোহিঙ্গা ইস্যুতে ওআইসি মামলা করতে যাচ্ছে আন্তর্জাতিক আদালতে : নিউইয়র্কে পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে এম আব্দুল মোমেন বলেছেন, রোহিঙ্গা ইস্যুতে আন্তর্জাতিক আদালতে মামলা করতে যাচ্ছে মুসলিম রাষ্ট্রগুলো নিয়ে গঠিত আন্তর্জাতিক সংস্থা ওআইসি। গাম্বিয়াকে মামলা করার দায়িত্ব অর্পণ করেছে ওআইসি। তিনি আরও বলেন, এ ব্যাপারে আমরা তাদেরকে সার্বিক সহযোগিতা করব। গত ২৪ সেপ্টেম্বর মঙ্গলবার বিকেলে নিউইয়র্কে বাংলাদেশ স্থায়ী মিশনের বঙ্গবন্ধু অডিটোরিয়ামে 'রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধান' শীর্ষক এক আন্তর্জাতিক সেমিনারের পরে সংবাদমাধ্যমকে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১ক.১)।

৭। **রোহিঙ্গা ক্যাম্পে কাঁটাতারের বেড়া দেয়া হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, রোহিঙ্গা ক্যাম্পগুলোতে কাঁটাতারের বেড়া নির্মাণ করা হবে। তিনি বলেন, প্রধানমন্ত্রী ইতোমধ্যে এ বিষয়ে নির্দেশ দিয়েছেন। বেড়া নির্মাণের প্রক্রিয়া শুরু হয়েছে। গতকাল (২৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার) সচিবালয়ে মার্কিন রাষ্ট্রদূত রবার্ট আর্ল মিলার, কানাডার হাইকমিশনার বেনোইট প্রিফন্টেইন, ইউরোপীয় ইউনিয়ন এবং কয়েকটি ইইউ এনজিও প্রতিনিধির সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪)।

৮। **রাখাইনে রোহিঙ্গা প্রত্যাবাসনের পরিবেশ নিয়ে চার ইউরোপীয় দেশের উদ্বেগ**

মিয়ানমারের রাখাইনে রোহিঙ্গাদের স্বেচ্ছা, নিরাপদ, মর্যাদাপূর্ণ ও টেকসই প্রত্যাবাসনের পরিবেশ এখনো প্রস্তুত না হওয়ায় উদ্বেগ প্রকাশ করেছেন বাংলাদেশে নিযুক্ত ইউরোপের চার দেশের রাষ্ট্রদূতরা। তাঁরা আন্তর্জাতিক সম্প্রদায়কে রোহিঙ্গা প্রত্যাবাসনের জন্য রাখাইনে যথাযথ পরিবেশ তৈরিতে একযোগে কাজ করার আহ্বান জানিয়েছেন। ডেনমার্কের রাষ্ট্রদূত উইনি পিটারসেন, নরওয়ের সিডসেল ব্লেকেন, সুইডেনের শারলোটা শ্লিটার ও সুইজারল্যান্ডের রাষ্ট্রদূত রেনে হোলেন্সটেইন গত ২৫ সেপ্টেম্বর বুধবার ও গতকাল (২৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার) কক্সবাজারের রোহিঙ্গা শিবির পরিদর্শন করেন। তাদের পরিদর্শনের পর গতকাল সুইডেন দূতাবাসের দেওয়া এক প্রেস বিজ্ঞপ্তিতে এসব কথা বলা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৩)।

৯। **উগান্ডার কাম্পালায় সিপিএ সম্মেলনে যোগ দিলেন স্পিকার**

উগান্ডার রাজধানী কাম্পালায় ৬৪তম কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের সম্মেলনে (সিপিএ) অংশ নিয়েছেন বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। অনুষ্ঠানে কমনওয়েলথভুক্ত বিভিন্ন দেশের স্পিকার, ডেপুটি স্পিকার ও সংসদ সদস্যরা উপস্থিত ছিলেন। গতকাল (২৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার) উগান্ডার প্রেসিডেন্ট ইউওয়েরি মুসেভেনি এ সম্মেলনের উদ্বোধন করেন। এবার সিপিসির প্রতিপাদ্য 'দ্রুত পরিবর্তনশীল কমনওয়েলথে সংসদের অভিযোজন, অংশগ্রহণ ও ক্রমবিকাশ'। সূত্র-সমকাল (পৃ.২,ক.১)।

১০। **যেখানেই দুর্নীতি টেন্ডারবাজি সেখানেই শুদ্ধি অভিযান : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, যেখানেই দুর্নীতি, টেন্ডারবাজি সেখানেই প্রধানমন্ত্রী শেখ হাসিনার শুদ্ধি অভিযান। তিনি বলেন, শুধু ঢাকা নয় সুনামগঞ্জ থেকে কুতুবদিয়া পর্যন্ত শুদ্ধি অভিযান চলবে। তিনি বলেন, দলের মধ্যেও শুদ্ধি অভিযান শুরু হয়েছে। এ শুদ্ধি অভিযান অব্যাহত থাকবে। কাউকে ছাড় দেওয়া হবে না। গতকাল (২৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার) সিলেট নগরীর নজরুল অডিটরিয়ামে আয়োজিত এক শোকসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১)।

১১। **সরকার সাহসী বলেই ক্যাসিনোর বিরুদ্ধে অভিযান চলছে : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, বর্তমান সরকার সাহসী বলেই ক্যাসিনো ও জুয়াবিরোধী অভিযান চলছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশকে দুর্নীতিমুক্ত করছেন। গতকাল (২৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার) জাতীয় প্রেসক্লাবে বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট আয়োজিত 'ইনডেমনিটি আইন এক কালো অধ্যায়, ভুলিনি এবং ভুলবো না' শীর্ষক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮)।

১২। **চামড়া সংরক্ষণের গোডাউন স্থাপন করা হবে প্রতিটি জেলায় : শিল্পমন্ত্রী**

কোরবানির মৌসুমসহ বছরজুড়ে কাঁচা চামড়া সংরক্ষণের জন্য বিভিন্ন জেলায় গোডাউন স্থাপন করা হবে। এজন্য দ্রুত প্রকল্প গ্রহণের নির্দেশনা প্রদান করেছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। গতকাল (২৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার) শিল্প মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির অধীন গৃহীত প্রকল্পসমূহের আগস্ট ২০১৯ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১)।

১৩। **পর্যটন খাতের উন্নয়নে দেশি-বিদেশি বিনিয়োগ প্রয়োজন : পর্যটন প্রতিমন্ত্রী**

বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী মো. মাহবুব আলী বলেছেন, দেশের পর্যটন খাতের টেকসই উন্নয়নের জন্য সরকারের পাশাপাশি দেশি-বিদেশি বেসরকারি বিনিয়োগ নিশ্চিত করতে হবে। গতকাল (২৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার) ঢাকায় ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় ৮ম এশিয়ান ট্যুরিজম ফেয়ারের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, সরকার এবং বেসরকারি উদ্যোক্তাদের সমন্বিত প্রচেষ্টায় বাংলাদেশের পর্যটন শিল্প এগিয়ে যাবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে ইতোমধ্যেই দেশে বিনিয়োগের পরিবেশ নিশ্চিত হয়েছে। সরকার পর্যটন শিল্পকে অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করে এর উন্নয়নে কাজ করে যাচ্ছে। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১)।

১৪। **৫০০-১০০০ টাকার নোট বাতিলের খবর সত্য নয় :**
**প্রধানমন্ত্রীর অর্থনীতি বিষয়ক উপদেষ্টা**

৫০০ ও ১০০০ টাকার নোট বাতিলের খবর সত্যি নয় বলে উল্লেখ করেছেন প্রধানমন্ত্রীর অর্থনীতি বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান। গতকাল (২৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার) বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবিরের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫)।